

বুয়েটে অন্যায় অপশক্তি রুখ্তে শপথ

সংবাদ : প্রতিনিধি, ঢাবি

। ঢাকা, বৃহস্পতিবার, ১৭ অক্টোবর ২০১৯

ক্যাম্পাসে সব ধরনের অন্যায় ও অপশক্তিকে রুখ্তে দেয়ার শপথ নিয়েছেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট)



শিক্ষার্থীদের আয়োজনে গতকাল বুয়েটে
গণশপথ-সংবাদ

শিক্ষার্থীরা। গতকাল দুপুর সাড়ে ১২টায় বুয়েট মিলনায়তনে এ গণশপথে শিক্ষার্থীদের পাশাপাশি শিক্ষকরাও অংশ নেন। বুয়েটের ছাত্র আবরার ফাহাদ হত্যার পর জড়িতদের বিচারসহ ১০ দুফা দাবিতে টানা আন্দোলনের পর শিক্ষার্থীরা মঙ্গলবার মাঠ পর্যায়ের আন্দোলনের ইতি টানেন। সেদিনই তারা সব ধরনের অপশক্তিকে রুখ্তে দেয়ার গণশপথে অংশ নেয়ার ঘোষণা দিয়েছিলেন।

বুয়েটের উপাচার্য অধ্যাপক সাইফুল ইসলাম, ছাত্রকল্যাণ উপদেষ্টা (ডিএসডিবিডি) ভারপ্রাপ্ত পরিচালক মো. আবদুল বাসিত, বিভিন্ন হলের

প্রাধ্যক্ষরা ও শিক্ষার্থীরা শপথ পাঠ করেন। বুয়েটের ১৭তম ব্যাচের ছাত্রী রাফিয়া রিজওয়ানা শপথ পাঠ করান। এ সময় বিভিন্ন অনুষদের ডিন এবং অন্য শিক্ষকরাও উপস্থিত ছিলেন। তবে তারা শপথ পাঠে অংশ নেননি।

শপথে শিক্ষক-শিক্ষার্থীরা বলেন, 'বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় পরিবারের একজন সদস্য হিসেবে আমি এই বিশ্ববিদ্যালয়ের সবার কল্যাণ ও নিরাপত্তার নিমিত্তে আমার ওপর অর্পিত ব্যক্তিগত ও সামষ্টিক, নেতৃত্ব ও মানবিক সব ধরনের দায়িত্ব সবোচ্চ সততা ও নিষ্ঠার সঙ্গে পালন করব। শপথ পাঠে বলা হয়, 'এই বিশ্ববিদ্যালয়ের আঙ্গনায় আমার জ্ঞাতসারে হওয়া প্রত্যেক অন্যায়, অবিচার ও বৈষম্যের বিরুদ্ধে আমি সবদা সোচ্চার থাকব। আমি আরও প্রতিজ্ঞা করছি, এই বিশ্ববিদ্যালয়ে সব ধরনের সন্ত্রাস ও সাম্প্রদায়িক অপশক্তির উত্থানকে আমরা সম্মিলিতভাবে রুখে দিব। নেতৃত্বাতার সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ সব ধরনের বৈষম্যমূলক অপসংস্কৃতি এবং ক্ষমতার অপব্যবহার আমরা সবাই উৎপাটিত করব।' তারা শপথ করেন, 'এই আঙ্গনায় যেন আর কোন নিষ্পাপ প্রাণ ঝরে না যায়, আর কোন নিরপরাধ যেন অত্যাচারের শিকার না হয়। তা আমরা সবাই মিলে নিশ্চিত করব।'

শপথ পাঠের আগে আবরার ফাহাদের স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করেন শিক্ষক ও শিক্ষার্থীরা।

শপথের আগে বুয়েটের প্রশাসানক ভবনের সামনে বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত হন। এর আগে মঙ্গলবার মাঠ পর্যায়ের আন্দোলন স্থগিতের ঘোষণা দেন তারা। তবে তারা সুযুক্তভাবে আবরার হত্যার বিচারিক কাজ সম্পন্ন হচ্ছে কিনা সেটার প্রতি সতর্ক দৃষ্টি রাখবেন। বিচার না হওয়া পর্যন্ত ক্লাস-পরীক্ষাসহ সব ধরনের একাডেমিক কার্যক্রম বর্জনের ঘোষণাও দিয়েছেন তারা।